## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার অক্টোবর/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২৬/১০/২০২২ খ্রিঃ। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২৭/০৯/২০২২ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক বাসভবন টি জরাজীর্ণ ও বসবাসের অনুপোযোগী হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মেরামতের দাবী জানান। সভার সকলে উক্ত ভবনটি জরুরী মেরামতের বিষয়ে মতামত প্রদান করেন এবং উপজেলা প্রকৌশলীকে উক্ত কাজের বাস্তবতার আলোকে প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধের প্রেক্ষিতে উক্ত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের ভিতরের অংশের কাজটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের মতামত প্রদান করেন। সভার সকলে উক্ত মতামতের ভিত্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের ভিতরের অংশের কোটেশনের মাধ্যমে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে প্রাক্কলন প্রস্তুত পূর্বক জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের ভিতরের অংশের কাজটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে কোটেশনের মাধ্যমে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী কয়রা, খুলনা। |
| | | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক বাসভবনের বাইরের অংশের প্লাস্টার ও অন্যান্য জরাজীর্ণ অংশ জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। সভার সকলে উক্ত ভবনটির বাইরের অংশ জরুরী মেরামতের বিষয়ে একমত পোষণ করেন এবং উপজেলা প্রকৌশলীকে উক্ত কাজের বাস্তবতার আলোকে প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধের প্রেক্ষিতে উক্ত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের বাইরের অংশের কাজটি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে কাজটি পিআইসির মাধ্যমে বাস্তবায়নের মতামত প্রদান করেন। সভার সকলে এ বিষয়ে একমত হন। | (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের বাইরের অংশের কাজটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় সীমাবদ্ধ রেখে কাজটি পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ফ) নং অনুচ্ছেদে মশা নিধন কার্যক্রমের জন্য প্রতিটি ইউনিয়নে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে আলোকে স্থানীয় সরকার বিভাগের ১২/১১/২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.৪৪.৪৭০০.০২৪.০৫. ০০৪.১৯-৮১৬ (যুক্ত) নম্বর স্মারক পত্রের নির্দেশনার আলোকে মুজিববর্ষে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উৎসবকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের জন্য কয়রা উপজেলার ০৭ টি ইউনিয়নে জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত ০৩ (তিন) মাসের মশা নিধন কার্যক্রমের ব্যয় বিল বাবদ ২১,৫০০/- (একুশ হাজার পাঁচশত) টাকা প্রদানের জন্য প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হন। | (গ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের জন্য কয়রা উপজেলার ০৭ টি ইউনিয়নে জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত ০৩ (তিন) মাসের মশা নিধন কার্যক্রমের ব্যয় বিল বাবদ ২১,৫০০/- (একুশ হাজার পাঁচশত) টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ড) নং অনুচ্ছেদে বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে আলোকে স্থানীয় সরকার বিভাগের ১২/১১/২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.৪৪.৪৭০০.০২৪.০৫. ০০৪.১৯-৮১৬ (যুক্ত) নম্বর স্মারক পত্রের নির্দেশনার আলোকে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের জন্য জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত ০৩ (তিন) মাসের মাসের উপজেলা পরিষদের সম্মুখের ড্রেনে বর্জ্য ব্যবস্থাপনা ও অভ্যন্তরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের প্রস্তাব করেন। সভার সকলে এ বিষয়ে একমত হন।<br><br>(ঙ) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সকল, কয়রা, খুলনা সভায় জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ইউনিয়ন ভিত্তিক ১০ টাকা কেজি দরে চাউল প্রদানের জন্য নিয়োগকৃত ডিলার বাতিলের জন্য প্রস্তাব করেন হয়।</td>
<td>(ঘ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের জন্য জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ পর্যন্ত ০৩ (তিন) মাসের উপজেলা পরিষদের সম্মুখের ড্রেনে বর্জ্য ব্যবস্থাপনা ও অভ্যন্তরে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের ব্যয় বিল বাবদ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ) এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের ভিত্তিতে আগামী সভায় নিয়োগকৃত ডিলারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে মর্মে প্রস্তাবটি গৃহীত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০২.</td>
<td>উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৩.</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৪.</td>
<td>উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, সারের কোন ঘাটতি নেই। সারের কৃত্রিম সংকট সৃষ্টি না হয় সে বিষয়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত তদারকি করছেন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
<tr>
<td>০৬.</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা।</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কয়রা, খুলনা সভায় সেপ্টেম্বর/২০২২ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>ক্রঃ নং</td><td>কার্যক্রমের বিবরণ</td><td>বাস্তবায়ন অগ্রগতি</td><td>মন্তব্য</td></tr>
<tr><td>০৯.</td><td>বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ৬৫ দিন মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২২</td><td>বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত মোট ৬৫ দিন সকল প্রকার মৎস্য নৌযান দ্বারা যে কোন প্রকার মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম-২০২২ বাস্তবায়ন করা হয়েছে।</td><td></td></tr>
<tr><td>১০.</td><td>চিংড়িতে অপদ্রব্য/দূষণ/ পুশ বিরোধী অভিযান</td><td>২০/০৭/২০২২ খ্রি. পর্যন্ত অর্জন সমূহঃ<br>(ক) অভিযান- ১৯ টি<br>(খ) আটক- ২০ জন<br>(গ) জরিমানা- ৩,২০,০০০/- টাকা<br>(ঘ) অপদ্রব্য মিশ্রিত/দূষিত/ পুশকৃত চিংড়ি ধ্বংস- ২৩৬৫ কেজি</td><td></td></tr>
<tr><td>১১.</td><td>মৎস্য চাষীর পুকুর/ঘের পরিদর্শন ও পরামর্শ প্রদান</td><td>অব্যাহত আছে।</td><td></td></tr>
</table>
</td>
<td>--</td>
<td>--</td>
</tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td><table><tr><td>১২.</td><td>অন্যান্য দাপ্তরিক কার্যক্রম</td><td>স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td></tr></table></td><td></td><td></td></tr>
<tr><td>০৭.</td><td>উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা।</td><td>(ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, কয়রা উপজেলাধীন কয়রা সদর ইউনিয়নে ৪ নং কয়রা বাজার সংলগ্ন লঞ্চঘাটে প্রতিনিয়ত লোকের সমাগম দেখা দেয়। কিন্তু সেখানে কোন গণশৌচাগার না থাকায় বাজার এবং লঞ্চঘাটে বিভিন্ন জায়গা থেকে আগত জনগণের নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে। উক্ত স্থানে একটি গণশৌচাগার প্রয়োজন। উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (UTMIDP) এর মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। সভার সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।</td><td>(ক) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে কয়রা উপজেলাধীন কয়রা সদর ইউনিয়নে ৪ নং কয়রা বাজার সংলগ্ন লঞ্চঘাটে গণশৌচাগার নির্মাণের জন্য উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (UTMIDP) এর মাধ্যমে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী কয়রা, খুলনা।</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সেপ্টেম্বর/২০২২ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><td>সেবার নাম</td><td>মোট</td></tr>
<tr><td>সক্ষম দম্পত্তি</td><td>৪১৮০৯ জন</td></tr>
<tr><td>গ্রহণকারী</td><td>৩৩১৫৭ জন</td></tr>
<tr><td>সি এ আর</td><td>৭৯.৩১%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতিঃ</td><td>পুরুষঃ ০১ জন ও মহিলাঃ ০১ জন সর্বমোটঃ ০২ জন।</td></tr>
<tr><td>আই ইউ ডি</td><td>নতুন ০৫ জন</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>নতুন ১০৯ জন</td></tr>
<tr><td>ইনজেকটেবলস</td><td>৪০৩২ জন</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>২০০৪১ জন</td></tr>
<tr><td>কনডম</td><td>১৭০৩ জন</td></tr>
<tr><td>মা ও শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>গর্ভবতীর সংখ্যা</td><td>১৭১০ জন</td></tr>
<tr><td>এএনসি</td><td>৩২০ জন</td></tr>
<tr><td>পিএনসি</td><td>৭৫ জন</td></tr>
<tr><td>ডেলিভারি</td><td>UH&FWC : ০৩ জন ও সিএসবিএ কর্তৃক: ০৩ জন সর্বমোট: ০৬ জন।</td></tr>
<tr><td>জীবিত জন্ম</td><td>০৫ জন</td></tr>
<tr><td>মাতৃমৃত্যু</td><td>০ জন</td></tr>
<tr><td>শিশু মৃত্যু</td><td>০১ জন</td></tr>
<tr><td>শিশু স্বাস্থ্য সেবা</td><td></td></tr>
<tr><td>কেন্দ্র</td><td>৫২৪ জন</td></tr>
<tr><td>কেন্দ্রের বাহিরে</td><td>১১৩ জন</td></tr>
<tr><td>সাধারণ রোগী</td><td>২৮২৯ জন</td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
<tr><td>০৯.</td><td>উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১০.</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনার সভায় জানান যে, অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১১.</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা।</td><td>কার্যক্রম চলমান।</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>১২.</td><td>উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় বয়স্ক, বিধবা ভাতা সহ অন্যান্য সকল ভাতা প্রদানের অনলাইন কার্যক্রম চলমান। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>--</td><td>--</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় ২৫/১০/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৫০ টি। ২০২০-২১ অর্থ বছরে ১,১৪,৩৩০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষ্যে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪০,৭৫৮/- টাকা আদায় করে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ১৪০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০২ টি আশ্রয়ণ প্রকল্প আছে (১) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (২) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ- ০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পুনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩.৬৭,১১৪/- টাকা এবং সুদ আদায় ১,১২,৭৭৭/- টাকা। আদায়ের হার ৭৮%। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | -- | -- |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। ওয়াশ প্রকল্পের আওতায় ৫০টি গভীর নলকূপের স্থাপন কাজ চলমান। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের আওতায় (২য় বরাদ্দ) ১৩৮টি ৩০০০ লিটার রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর কাজ শেষ এবং ৪৪টি গভীর নলকূপের স্থাপন কাজ চলমান। বর্তমানে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (৩য় ধাপের) ১৮২টি পানির উৎসের স্থান তালিকা পাওয়া গেছে যার মধ্যে ১৩৮টি ৩০০০ লিটার হার্ভেষ্টিং এর কাজ শেষ পর্যায়ে এবং বাকি কাজ চলমান রয়েছে। PEDP-4 প্রকল্পের আওতায় ০৯ টি ওয়াশ ব্লকের মধ্যে ০৫টির কাজ সমাপ্ত বাকী ০৪টির কাজ ও ২৫টি টিএসপি স্থাপনের কাজ চলমান রয়েছে। GPS ও NNGPS প্রকল্পের আওতায় ১১টি গভীর নলকূপের কাজ চলমান রয়েছে। ১ম ধাপের মুজিববর্ষের গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎসের কাজে ৪৬টির মধ্যে ৪৬টি রেইনওয়াটার হার্ভেষ্টিং এর প্লাটফর্ম নির্মান সহ অন্যান্য কাজ সম্পন্ন হয়েছে ও ২টি গভীর নলকূপ স্থাপন কাজ সহ অন্যান্য কাজ চলমান রয়েছে। ২য় ধাপের মুজিববর্ষের গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎস স্থাপনের কাজ ২৫টির মধ্যে ২৫ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর প্লাটফর্ম নির্মান সম্পন্ন হয়েছে ও অন্যান্য কাজ চলমান রয়েছে। এছাড়া জিসিএ প্রকল্পে ২৮টি কমিউনিটি বেজসড রেইন ওয়াটার হার্ভেষ্টিং ও ০২ টি পুকুরের আল্ট্রা ফিল্টারের কাজ চলমান রয়েছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা অক্টোবর/২০২২ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন। | -- | -- |

| বিষয় | চলতি মাস | চলতি বছর | ক্রমপুঞ্জিত | মন্তব্য |
|---|---|---|---|---|
| প্রশিক্ষণ | ০ | ০ | ৮৩২৮ জন | -- |
| ঋণ বিতরণ (রাজস্ব) | ০ | ৫,০০,০০০/- | ১,৯১,২১,৫০০/- | -- |
| পরিবার ভিত্তিক | ০ | ০ | ২৯,৬০,০০০/- | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| ক্ষুদ্রঋণ বিতরণ | | | | |
| জোরদারকরণ প্রকল্প (ঋণ বিতরণ) | ০ | ০ | ৩,২৫,০০০/- | -- |
| ঋণ আদায় হার (রাজস্ব) | ৯২% | ৯২% | ৯৬% | -- |
| আত্মকর্মীর তথ্য | ২ | ১৪ | ৩৪২৮ জন | -- |
| যুব সংগঠন তালিকাভুক্তি | ০১ | ০১ | ১৩ টি | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (অঃদাঃ) সভায় জানান যে, বিআরডিবি কয়রা উপজেলা কার্যালয়ের সাধারণ (কেএসএস), সদাবিক, পল্লী প্রগতি, ইরেসপো, মুক্তিযোদ্ধা, অপ্রধান শষ্য, আবর্তক কৃষি ঋণ কর্মসূচি, নিজস্ব কর্মসূচি, মেয়াদী সেচ যন্ত্র, গুচ্ছ গ্রাম, পিআরডিপি-৩ প্রকল্পসমূহের সমিতির অক্টোবর/২০২২ পর্যন্ত মাসের দল গঠন বছরে সদস্য ভর্তি বছরে শেয়ার আদায়, সঞ্চয় আদায়, ঋণ বিতরণ, ঋণ আদায়, মেয়াদোত্তীর্ণ ঋণ খেলাপী, প্রশিক্ষণ প্রদান, পিআরডিপি-৩ এর স্কীম বাস্তবায়ন বছরে অর্জন। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | উপজেলা বন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানান যে, সমিতির সংখ্যা ১৯৩, সদস্য সংখ্যা ৮৬১৫, মাসিক সঞ্চয় আদায় ২.২৬ (লক্ষ টাকা), ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় ৬২৫.৬৯ (লক্ষ টাকা), মাসে ঋণ আদায় ৫৫.৫১ (লক্ষ টাকা), ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৩১১৩.৩৪ (লক্ষ টাকা), মাসে ঋণ বিতরণ ৪৬.৪৫ (লক্ষ টাকা), ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৪১৮৭.০৭ (লক্ষ টাকা)। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২২-২০২৩ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ৫৭,০৬,০০০/- (সাতান্ন লক্ষ ছয় হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ১৫,৯০,০০০/- (পনের লক্ষ নব্বই হাজার) টাকা এবং নারী উদ্যোক্তার মধ্যে ৬,৯০,০০০/- (ছয় লক্ষ নব্বই হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৮%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ২। | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ৩। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ৪। | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯৩/- |
| ৫। | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৮৫/- |
| ৬। | উপজেলা পরিষদ মালীর সেপ্টেম্বর/২০২২মাসের মজুরী বিল। | ১,৫০০/- |

| | | |
|---|---|---|
| ৭। | উপজেলা পরিষদ সুইপারের সেপ্টেম্বর/২০২২ মাসের মজুরী বিল। | ১১,৫৫০/- |
| ৮। | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর সেপ্টেম্বর/২০২২ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ১৫,২৭১/- |
| ৯। | উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনার কার্যালয়ে বৈদ্যুতিক লাইনের বাল্ব ক্রয় ও টুকিটাকি ব্যয় বিল। | ৯,৫০০/- |
| ১০। | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ফটোকপি মেশিন সার্ভিসিং, টোনার ক্রয় ও স্থাপন কাজের ব্যয় বিল। | ১১,৫০০/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১০/২০২২
এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২২- ১০৯(৪৫)

তারিখঃ ২৭-১০-২০২২ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

**অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা..................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান....................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য................................,কয়রা, খুলনা।

২৭/১০/২০২২
(মোঃ রোকনুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
☎ ০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd